

Subject : Bengali Grammar

Date : 25.04.2020

Topic : সর্বনাম পদ, বিশেষণ পদ

১) একটি বাক্যে উত্তর দাও।

ক) বিশেষ্য পদের পরিবর্তে যে পদ বসে তাকে সর্বনাম পদ বলে।

উদাহরণ : সে, তুমি।

খ) যে পদ অন্য পদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা ইত্যাদি প্রকাশ করে তাকে বিশেষণ পদ বলে।

উদাহরণ : সুন্দর, নীল।

২) ছকে দেওয়া সর্বনাম পদগুলি দিয়ে শূন্যস্থান পূরণ কর।

আমি, এটা, তুমি, সে, কেউ

ক) তুমি কি করছ?

খ) গতকাল সে আমাদের বাড়ীতে এসেছিল।

গ) এটা কার বই?

ঘ) আমি বাবার সাথে দাবা খেলি।

ঙ) মিথ্যাবাদীকে কেউ বিশ্বাস করে না।

৩) নীচের বাক্যগুলিতে বিশেষণ পদের নীচে দাগ দাও।

ক) মৌ ভালো মেয়ে।

খ) কালো মেঘে বৃষ্টি হয়।

গ) আমার ভাই সুন্দর ছবি আঁকে।

ঘ) কচ্ছপ ধীরে চলে।

ঙ) গাছে তিনটি পাখি বসে আছে।

৪) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ।

ক) নীল আকাশ। 'নীল' পদটি হল — সর্বনাম / বিশেষণ / বিশেষ্য।

উঃ 'নীল' পদটি হল বিশেষণ পদ।

খ) কোন্টি সর্বনাম পদ? তিনি / কিন্তু / উঁচু।

উঃ সর্বনাম পদটি হল - তিনি।

গ) বিশেষ্য পদের পরিবর্তে বসে — বিশেষণ পদ / সর্বনাম পদ / ক্রিয়া পদ।

উঃ বিশেষ্য পদের পরিবর্তে বসে সর্বনাম পদ।

৫) কোন্টি কি পদ লেখ।

ক) দুরন্ত — বিশেষণ পদ।

খ) যার — সর্বনাম পদ।

গ) হলুদ — বিশেষণ পদ।

ঘ) তারা — সর্বনাম পদ।

ঙ) হিংস্র — বিশেষণ পদ।